

*Bismilla -hir-rahmanir-rahim*

# বেসিক কম্পিউটার নেটওয়ার্কিং



লিনাক্স **রেড** হ্যাট এন্টারপ্রাইজ -৫

```
[root@local host ~] # useradd lincon_fci
[root@local host ~] # useradd lincon_fci
[root@local host ~] # passwd lincon_fci
[root@local host ~] # touch /mnt a1 a2 a3 a4
[root@local host ~] # date 0512102510
[root@local host ~] # cal 1992
[root@local host ~] # history
[root@local host ~] # fdisk -l
[root@local host ~] # useradd lincon_fci
[root@local host ~] # passwd lincon_fci
[root@local host ~] # touch /mnt a1 a2 a3
```

*Basic computer networking  
With  
Linux **redhat** Enterprise-5*

মো: শরিফুল ইসলাম লিংকন

রচনায়:-

## মো: শরিফুল ইসলাম লিংকন

ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং বিভাগ (6<sup>th</sup> batch)

ফেনী কম্পিউটার ইন্সটিটিউট - ফেনী।

E-mail: [lincon\\_fci@hotmail.com](mailto:lincon_fci@hotmail.com)

Web site: [www.fcilincon.webs.com](http://www.fcilincon.webs.com)

[www.2funbd.wordpress.com](http://www.2funbd.wordpress.com)

Blog : <http://new.somewhereinblog.net/blog/fcilincon>

Mobile : 01826106255

## সম্পাদনায়

খাঁজা ইমরান মাসুদ

ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং বিভাগ (4<sup>th</sup> batch)

ফেনী কম্পিউটার ইন্সটিটিউট

মো: ইসরাফিল রাজু

ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং বিভাগ (4<sup>th</sup> batch)

ফেনী কম্পিউটার ইন্সটিটিউট

# Basic computer networking & Linux Redhat enterprise-5

প্রথম সংস্করণ: জানুয়ারী ২০১৩

প্রকাশক : এফ,সি,আই- আই,সি,টি ক্লাব-২০১২,  
ফেনী কম্পিউটার ইন্সটিটিউট- ফেনী

বর্ণ বিন্যাস : অভিলাশ দে

প্রচ্ছদ : গাজি মুহাম্মদ মুরসালিন

চিত্র অংকন : কোলো চাকমা

স্বত্ব © : প্রকাশক

মুদ্রণে : ..... কম্পিউটার এন্ড প্রেস  
ফেনী-বাংলাদেশ।

স্পন্সর : দৈনিক প্রথম আলো

মূল্য : মাত্র ২০০ টাকা

**Basic computer networking & linux Redhat Enterprise – 5** by MD.Shariful Islam lincon. Data telecommunication & networking department. Feni computer institute-feni. Published by MD.Mursalin. Cover Designed by Shamim Farvej. Price : Taka Two Hundred only

একাওরের

ত্রিশ লক্ষ সহিদ

ও

দুই লক্ষ বীরঙ্গনার

স্বরগে

## প্রসঙ্গ কথা:

বই লেখার মত পূর্ব আভিজ্ঞতা আমার নেই, তবুও প্রযুক্তি বিষয়ে জানার আগ্রহ থাকার কারণে বইটি লেখার জন্য মনস্তির করি। বাংলা ভাষায় কম্পিউটার নেটওয়ার্কিং বিষক মান সম্মত তেমন কোন উল্লেখযোগ্য বই নেই। যে সকল বই বাজারে পাওয়া যায় সেগুলো পড়ে নিজে নিজে নেটওয়ার্ক সেট-আপ, লিনাক্স সার্ভার কনফিগার করা পাঠকের জন্য অনেক কঠিন হয়ে পড়ে। এই বইটি আমার কোন গভেষণা লব্দ ফসল না। কলেজের বড় ভাই খাঁজা ইমরান মাসুদ ও ইসরাফিল ভাইয়ার কাছ থেকে যতটুকু কম্পিউটার নেটওয়ার্কিং শিখতে পেরেছি, ততটুকু এই বইতে উপস্থাপন করতে চেষ্টা করেছি।

এই বইয়ের **বেসিক কম্পিউটার নেটওয়ার্কিং** অংশের সিংহ ভাগ আমি মাহমুদ ভাইয়ার (শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের CSE) কাছ থেকে ধার করে লিখেছি। ডাটা কমিউনিকেশনের প্রথম ধারণা পাই আমার শ্রদ্ধেয় শিক্ষিকা মুল্লি ম্যাডাম(Feni Computer Institute) থেকে। তার কাছ থেকেই আমার নেটওয়ার্কিং এর হাতে খড়ি। এই বই লেখার পিছনে তাদের অবদানের জন্য কৃতজ্ঞতা জানাই।

কম্পিউটার নেটওয়ার্কিং বিষয়ে যাদের জানার আগ্রহ আছে তাদের জন্য বইটি বিশেষ ভাবে উপকারে আসবে বলে আমি আশা করি। বইটি পাঠক সমাজে সাড়া জাগাতে পারলে এর ২য় সংস্করণে একে পূর্ণাঙ্গ কম্পিউটার নেটওয়ার্কিং বই হিসেবে প্রকাশ করতে চেষ্টা করবো ।

অনিচ্ছাকৃত ভুলত্রুটি, মুদ্রণ জনিত সমস্যা এবং আমার জ্ঞানের সীমাবদ্ধতার জন্য এই বইতে কিছু সমস্যা থাকতে পারে তাই আমি আন্তরিক ভাবে দুঃখিত।

পাঠকদের যে কোন গঠন মূলক পরামর্শ কামনা করছি।

-মো:শরিফুল ইসলাম লিংকন-

সার্বিক সহযোগীতায়,



Government of the People's Republic of Bangladesh

# FENI COMPUTER INSTITUTE

*FENI COMPUTER INSTITUTE*



DTM Road, New Ranir-hat, Feni – Bangladesh

Web: [www.fci.bd.net](http://www.fci.bd.net)

# -সূচিপত্র-

অধ্যায় -০১ : কম্পিউটার নেটওয়ার্কের বেসিক ধারণা।

অধ্যায় -০২ : নেটওয়ার্ক মিডিয়া, ক্যাবলিং এন্ড টপোলজি।

অধ্যায় -০৩ : নেটওয়ার্ক প্রোটোকল।

অধ্যায় -০৪ : উইন্ডোজ-৭ এ আইপি সেট-আপ ও রিসোর্স শেয়ারিং।

অধ্যায় -০৫ : নেটওয়ার্ক অপারেটিং সিস্টেম(লিনাক্স)

অধ্যায় -০৬ : বেসিক লিনাক্স কমান্ড ও ব্যবহার।

অধ্যায় -০৭ : নেটওয়ার্ক এডমিনিস্ট্রেশন।

অধ্যায় -০৮ : লিনাক্স সার্ভার।

# অধ্যায় -০১: কম্পিউটার নেটওয়ার্কের বেসিক ধারণা।

## ১.১ কম্পিউটার নেটওয়ার্ক :

“Computer network হচ্ছে একাধিক User এর মধ্যে বিভিন্ন ধরনের Resource যেমন- File, printer, scanner ইত্যাদি Share করার উদ্দেশ্যে বিভিন্ন ধরনের মিডিয়া যেমন- Cable, telephone-line, satellite ইত্যাদি ব্যবহার করে একাধিক computer কে পরস্পরের সাথে যুক্ত করার Process ।

উদাহরণ : ইন্টারনেট

## ১.২ Computer network এর উদ্দেশ্য:

Computer networking এর উদ্দেশ্য বুঝার জন্য একটি ধারণা দেয়া যাক,

ধরি একটি অফিসে ৫০টি কম্পিউটার আছে। এখন যদি ঐ অফিসে প্রতিটি কম্পিউটারের জন্য ৫০০০ টাকার মূল্যের ১টি করে প্রিন্টার প্রয়োজন হলে মোট প্রিন্টার মূল্য দাড়ায় ২৫০০০০ টাকা। এখন ঐ অফিসের সকল কম্পিউটার কে যদি একটি নেটওয়ার্কে অন্তর্ভুক্ত করি, তবে একটি মাত্র প্রিন্টার দিয়ে সকল কাজ করা যাবে। অর্থাৎ ঐ অফিসের অতিরিক্ত ৪৯টি প্রিন্টার সাশ্রয় করা যাবে, যার বাজার মূল্য  $৪৯ * ৫০০০ = ২৪৫০০০$  টাকা।

এই উপাত্ত থেকে খুব সহজে বুঝতে পারি যে কম্পিউটার নেটওয়ার্কের প্রয়োজনীয়তা কি।

## ১.৩ কম্পিউটার নেটওয়ার্কের সুবিধা:

- এক Computer-এর Data অন্য Computer-এ Access করা যায়।
- User computer এর Data কে প্রয়োজনে Server computer এর Hard disk-এ সংরক্ষণ করা যায়।
- বিভিন্ন Resource যেমন-File, printer, scanner, Software ইত্যাদি Share করা যায়।
- Resource শেয়ার করা যায় বলে, অতিরিক্ত প্রিন্টার, স্ক্যানার ক্রয় করতে হয় না। এতে খরচ কমে।



- Server computer এর security অনেক high তাই সার্ভারে সংরক্ষিত data-র নিরাপত্তা খুব উন্নত। তাছাড়া নেটওয়ার্কের প্রতিটি user-কে একটি স্বতন্ত্র name এবং password দেয়া হয়, এতে অনুমোদনহীন কেও নেটওয়ার্কে প্রবেশ ও ডাটা Access করতে পারেনা।
- Network এ যুক্ত প্রতিটি হোস্ট কম্পিউটার পরস্পর message, e-mail, chat, voice ইত্যাদি সুবিধা ভোগ করে।


## ১.৪ কম্পিউটার নেটওয়ার্কের শ্রেণী বিভাগ:

আকার আকৃতি এবং বিস্তৃতির উপর ভিত্তি করে কম্পিউটার নেটওয়ার্ক প্রধানত ৩প্রকার। যথা-

- LAN- Local Area Network
- MAN- Metropolitan Area Network
- WAN- Wide Area Network

### ১.৪.১ লোকাল এরিয়া নেটওয়ার্ক (LAN):


এই ধরনের নেটওয়ার্ক সাধারণত পাশা-পাশি অবস্থিত দুই বা ততধিক কম্পিউটারের মাঝে স্থাপন করা হয়। যেমন- একটি অফিশে সকল কম্পিউটারের মাঝে স্থাপিত নেটওয়ার্ক। এই বইতে শুধু LAN সমন্ধে আলোচনা করা হবে।



চিত্র ১.৪.১: লোকাল এরিয়া নেটওয়ার্ক (LAN)

### ১.৪.২ মেট্রোপলিটন এরিয়া নেটওয়ার্ক (MAN):

এক বা একাধিক পাশাপাশি শহরের মধ্যে স্থাপিত কম্পিউটার নেটওয়ার্কে মেট্রোপলিটন এরিয়া নেটওয়ার্ক (MAN) বলে।




চিত্র ১.৪.২: মেট্রোপলিটন এরিয়া নেটওয়ার্ক (MAN)

### ১.৪.৩ ওয়াইড এরিয়া নেটওয়ার্ক (WAN):

ভৌগলিক অবস্থা কে বিবেচনা না করে, ফাইবার অপটিক ক্যাবল, স্যাটেলাইট, মাইক্রোওয়েব ইত্যাদি মিডিয়া ব্যবহার করে একাধিক শহর বা দেশের সাথে স্থাপিত কম্পিউটার নেটওয়ার্ককে WAN বলে।

যেমন- ইন্টারনেট।



চিত্র ১.৪.৩: ওয়াইড এরিয়া নেটওয়ার্ক (WAN)

## ১.৫ ডাটা কমিউনিকেশনের জন্য প্রয়োজনীয় মৌলিক উপাদান সমূহের তালিকা (Essential Communication Component):

- ডাটা/মেসেজ (message/data)
- প্রেরক কম্পিউটার (sender)
- গ্রাহক কম্পিউটার (Receiver)
- মিডিয়া (Media)
- প্রোটোকল (Protocol)

\*এই বইতে পর্যায়ক্রমে উপরের উপাদান সমূহ নিয়ে বিভিন্ন অধ্যায়ে আলোচনা করা হবে।\*

## ১.৬ কম্পিউটার নেটওয়ার্কের উপাদান সমূহ (LAN):

যেহেতু একাধিক কম্পিউটার নিয়ে নেটওয়ার্ক গড়ে উঠে সেহেতু Network স্থাপনে প্রথমে প্রয়োজন একাধিক Computer। এর পাশাপাশি প্রয়োজনসমূহে বিভিন্ন Resource যেমন Printer, Scanner ইত্যাদি। এই Resource সমূহের মধ্যে পরস্পর সংযুক্ত করার জন্য আরো প্রয়োজন বিভিন্ন Components যেমন-

### ১.৬.১ Network interface card (NIC):

NIC Card বা ল্যান কার্ডের সাথে আমরা সবাই পরিচিত, NIC কে Network Adapter-ও বলা হয়, যা CPU এর সাথে সংযুক্ত একটি Hard ware বিশেষ। NIC এর প্রধান কাজ হচ্ছে digital data কে এক computer থেকে অন্য computer-এ বিনিময় করা।



চিত্র ১.৬.১: Network interface card

প্রতিটি ল্যান কার্ড দিয়ে একটি মাত্র কানেকশন লাগানো যায়। একাধিক কানেকশন ব্যবহারের প্রয়োজন হলে একই কম্পিউটারে একাধিক ল্যান কার্ডও চাইলে ব্যবহার করা যায়। প্রতিটি ল্যান কার্ডে একটি নির্দিষ্ট ফিজিক্যাল এড্রেস থাকে যাকে ম্যাক এড্রেস (MAC-Media Access Control) বলা হয়। এই ম্যাক এড্রেস প্রতিটি ল্যান কার্ডের জন্য তৈরী করার সময়ই নির্দিষ্ট করে দেয়া থাকে, যা পরিবর্তন করা যায় না। এই ম্যাক এড্রেস ব্যবহার করা হয় OSI Layer এর ফিজিক্যাল লেয়ারে। রাউটিং এর জন্য এই ম্যাক এড্রেস খুবই গুরুত্বপূর্ণ। এছাড়া ল্যান কার্ডে একটি লজিক্যাল এড্রেস বা আইপি এড্রেস বসাতে হয় যা নেটওয়ার্ক লেয়ারে কাজ করে। NIC-এর MAC Address জানার জন্য start>run>cmd>ipconfig/all কমান্ডটি ব্যবহার করা হয়।

```

Administrator: C:\Windows\system32\cmd.exe
Microsoft Windows [Version 6.1.7600]
Copyright (c) 2009 Microsoft Corporation. All rights reserved.

C:\Users\lincon_fci>ipconfig/all

Windows IP Configuration

    Host Name . . . . . : lincon_fci-PC
    Primary Dns Suffix . . . . . :
    Node Type . . . . . : Hybrid
    IP Routing Enabled. . . . . : No
    WINS Proxy Enabled. . . . . : No

Ethernet adapter Local Area Connection:

    Media State . . . . . : Media disconnected
    Connection-specific DNS Suffix . . :
    Description . . . . . : Intel(R) 82578DC Gigabit Network Connecti
on
    Physical Address. . . . . : 70-71-BC-E3-2E-62
    DHCP Enabled. . . . . : Yes
    Autoconfiguration Enabled . . . . : Yes

Tunnel adapter Local Area Connection* 9:
  
```

চিত্র ১.৬.১: নিক কার্ডের ম্যাক এড্রেস

### ১.৬.২ NIC driver:

এটি একটি driver software যা NIC কে কাজ করার জন্য active করে। সাধারণত সকল PC তে NIC এবং driver software থাকে।

### ১.৬.৩ হাব (Hub):

হাব একটি নেটওয়ার্ক ইন্টারকানেক্টিং ডিভাইস, যা ব্যবহার করে স্টার টপোলজি তৈরী করা যায়। হাব OSI Layer লেয়ারের শুধুমাত্র ফিজিক্যাল লেয়ারে কাজ করে।



চিত্র: হাব

চিত্র ১.৬.৩: হাব (Hub)

হাব দামে সস্তা এবং সহজে ব্যবহার করা যায় তাই অনেকেই ছোট নেটওয়ার্কের জন্য হাব ব্যবহার করেন। কিন্তু সুবিধার পাশাপাশি হাব ব্যবহারের বেশ কিছু অসুবিধাও আছে। যেমন: হাবের কোন নিজস্ব রাউটিং টেবিল নেই, যার কারণে সে তার সাথে সরাসরি যুক্ত নেটওয়ার্ক বা ডিভাইস চিনতে পারে না। তাই হাব যখন কোন ডাটা পায় তখন সে তার সাথে পোর্টে যুক্ত সবগুলো ডিভাইসকে সেই একই ডাটা কপি করে পাঠিয়ে দেয়। এরপর প্রাপক কম্পিউটারটি ছাড়া বাকি কম্পিউটারগুলো ডাটাটি পরীক্ষা করে যখন দেখে যে, এটি তার জন্য পাঠানো হয়নি তখন ডাটাটি ডিলিট করে দেয়। এভাবেই হাব যত ডাটা পায় তা তার সাথে পোর্টে যুক্ত সবাইকে পাঠিয়ে দেয়, যা ডাটার সিকিউরিটি এবং মূল্যবান ব্যান্ডউইথ নষ্ট করে। বড় নেটওয়ার্কের মাঝে একটি হাব পুরো নেটওয়ার্কের ব্যান্ডউইথ কমিয়ে দেয়ার জন্য যথেষ্ট। এ কারণে বর্তমানে হাবের ব্যবহার কিছুটা কমে এসেছে এবং এর বদলে কম দামের এক ধরনের সুইচের ব্যবহার বেড়েছে। এই সব সুইচের দাম ১০০০-১২০০ টাকার মধ্যে এবং হাবের চাইতে কিছুটা ভাল কাজ করে।

### ১.৬.৪ সুইজ (switch) :



Fig. switch

চিত্র ১.৬.৪: Switch

Switch এক ধরনের Hard ware device যা Cable এর মাধ্যমে একাধিক Computer এর মধ্যে Network স্থাপন করতে সাহায্য করে। Switch এবং Hub একই কাজ করলেও, Switch Hub -এর চাইতে উন্নত। Switch আর Hub -এর মধ্যে পার্থক্য হচ্ছে সুইচের নিজস্ব রাউটিং টেবিল আছে। এই টেবিলে সে তার সাথে যুক্ত সকল নেটওয়ার্ক এবং নেটওয়ার্কে সংযুক্ত কম্পিউটারগুলোর Address সংরক্ষণ করে রাখে। সুইচ যেহেতু ফিজিক্যাল এবং ডাটালিংক লেয়ারে কাজ করে তাই তার সাথে যুক্ত কম্পিউটারের Address হিসেবে সে ল্যান কার্ডের MAC Address ব্যবহার করে। যখন একটি ডাটা সুইচের কাছে আসে সে তখন সেই ডাটার প্রাপক কম্পিউটারের MAC Address তার রাউটিং টেবিলের সাথে মিলিয়ে দেখে। মিলে গেলে প্রাপক কম্পিউটারটি সুইচের যে পোর্টের সাথে যুক্ত সেই পোর্ট দিয়ে ডাটাটি পাঠিয়ে দেয়। যার ফলে যেকোন ডাটা শুধুমাত্র নির্দিষ্ট প্রাপক কম্পিউটারের কাছেই পৌঁছায়। সাধারণ মানের সুইচ সবসময় একটি নেটওয়ার্ক নিয়েই কাজ করতে পারে। তবে ম্যানেজবল সুইচকে VLAN (Virtual LAN) করে ভাগ করে একাধিক নেটওয়ার্কে কাজ করানো যায়। ম্যানেজবল সুইচের দাম সাধারণ সুইচের চাইতে অনেক বেশি, যেমন Cisco কোম্পানীর একটি ৮ পোর্টের ম্যানেজবল সুইচের দাম ১৫ হাজার টাকার মত। তাই এগুলো শুধুমাত্র বড় এবং গুরুত্বপূর্ণ নেটওয়ার্কে ব্যবহার করা হয়। বর্তমানে কিছু উন্নত প্রযুক্তির ৩ লেয়ারের সুইচ রয়েছে, যা নেটওয়ার্ক লেয়ার পর্যন্ত সরাসরি IP Address নিয়ে কাজ করতে পারে।

### ১.৬.৫ নেটওয়ার্ক মিডিয়া (Network Media) :

সাধারণত **RJ-45 cable**, Co-axial cable, Radio link, satellite, tele-phone line ইত্যাদি মিডিয়ার মাধ্যমে নেটওয়ার্কে স্থাপিত কম্পিউটার ও বিভিন্ন Device এর মধ্যে সংযোগ করে Data আদান-প্রদান করা হয়। এই বইতে শুধু **RJ-45 cable** সমন্ধে আলোচনা করা হবে।



চিত্র ১.৬.৫: নেটওয়ার্ক মিডিয়া হিসেবে UTP Cable

### ১.৬.৬ কানেক্টর (Conector) :



চিত্র ১.৬.৬: RJ- 45 কানেক্টর

Cable –কে Computer এর NIC, Switch এবং বিভিন্ন Device এর সাথে পরস্পর সংযোগ করার জন্য প্রতিটি Cable এর মাথায় Conector ব্যবহার করা হয়।

### ১.৬.৭ রাউটার (Router):

রাউটার একটি 3 layer device, অর্থাৎ এটি OSI Layer এর ফিজিক্যাল, ডাটালিংক এবং নেটওয়ার্ক লেয়ার নিয়ে কাজ করতে পারে। এ কারণে রাউটার নেটওয়ার্ক লেয়ারে IP Address নিয়ে কাজ করতে পারে।



চিত্র ১.৬.৭: ওয়ারল্যাস রাউটার


রাউটার সাধারণত অনেকগুলো LAN (Local Area Network) কে যুক্ত করে WAN (Wide Area Network) তৈরী করতে সাহায্য করে। রাউটার Wired এবং Wireless এই দুই ধরনের হয়। ছবিতে একটি Wireless Router দেখানো হয়েছে। রাউটারের রাউটিং টেবিলে MAC Address এর বদলে থাকে IP Address এবং তার সাথে যুক্ত নেটওয়ার্কগুলোর সম্পর্কে সমস্ত রেকর্ড তার কাছে থাকে, যা দেখে সে সহজেই একটি ডাটা কোন পথ দিয়ে বা কোন পোর্ট দিয়ে যাবে তা নির্দেশ করতে পারে। শুধু তার সাথে সরাসরি যুক্ত নেটওয়ার্কগুলোই নয়, বরং দূরের কোন নেটওয়ার্কে ডাটা পৌঁছানোর জন্য কোন পথ দিয়ে ডাটাটি পাঠাতে হবে তাও রাউটার ঠিক করে দেয়। প্রতিটি রাউটার কিছু সেকেন্ড পর পর নিজেকে আপডেট করে নেয় এবং তার পার্শ্ববর্তী রাউটারগুলোকে সেই আপডেট মেসেজ পাঠায়, যা দেখে অন্য রাউটারগুলোও নিজেদের আপডেট করে নেয়। যেমন ধরুন একটি নেটওয়ার্ক বা ল্যান কোন কারনে রাউটার থেকে বিচ্ছিন্ন হয়ে গেল, সেক্ষেত্রে রাউটারটি প্রথমে তার নিজের রাউটিং টেবিলটিকে আপডেট করে নেবে এবং তার পার্শ্ববর্তী রাউটারগুলোকে মেসেজ সেন্ড করে জানিয়ে দেবে যে এই ল্যানটি বিচ্ছিন্ন হয়েছে। এ পুরো পক্রিয়াটি চালু রাখার জন্য বেশকিছু রাউটিং প্রোটোকল (Routing Protocol) রয়েছে যেমন : RIPv2, EIGRP, OSPF ইত্যাদি। প্রোটোকল হচ্ছে কিছু নিয়মের সমন্বয় যা ওই প্রোটোকলের আওতাধীন রাউটারগুলোকে অবশ্যই মেনে চলতে হবে। সুতরাং বুঝতেই পারছেন রাউটার একটি অত্যন্ত বুদ্ধিমান এবং উন্নতমানের ডিভাইস, এ কারনে এর দামটাও কিঞ্চিৎ বেশি।

## ১.৭ নেটওয়ার্ক সার্ভার (Server):

সার্ভারকে কেন্দ্র করে নেটওয়ার্ক গড়ে উঠে। অর্থাৎ সার্ভার হচ্ছে নেটওয়ার্কের প্রাণ সরূপ। মূলত সার্ভার কম্পিউটার ক্লায়েন্ট কম্পিউটার সমূহকে বিভিন্ন ধরনের সার্ভিস/সেবা যেমন- data backup, file sharing, print service, application/software sharing, message service, database service, e-mail service, chat/voice call service প্রদান করে এবং নেটওয়ার্কের নিরাপত্তা ও নিয়ন্ত্রন করে। সার্ভার হচ্ছে একটি তথ্য ভান্ডার যেখানে তথ্য জমা থাকে এবং যখন কোন ক্লায়েন্ট তথ্য চায় তখন সাথে সাথে তাকে সেই তথ্য বা ডাটা সরবরাহ করা সার্ভারের কাজ। বর্তমানে অনেক ধরনের সার্ভার ব্যবহার করা হয়, যেমন- ফাইল সার্ভার, ইমেইল সার্ভার, ডাটাবেজ সার্ভার, প্রিন্ট সার্ভার, প্রিন্ট সার্ভার, ওয়েব সার্ভার ইত্যাদি। নেটওয়ার্কের আকার বৃদ্ধির সাথে সাথে সার্ভারের সংখ্যাও বাড়তে থাকে। প্রতিটি সার্ভার একটি নির্দিষ্ট বিশেষ ধরনের কাজের জন্য ব্যবহার করা হয়। যেমন-ফাইল সার্ভারের কাজ হলো নেটওয়ার্ক ইউজারদের জন্য বিভিন্ন ফাইল শেয়ার করা যাতে ইউজাররা সহজে যেকোন সময় তাদের প্রয়োজনীয় ফাইলে প্রবেশ করতে



পারে। ফাইল সার্ভারে সাধারণত প্রয়োজনীয় ফাইল সমূহ জমা রাখা হয়, যার মাধ্যমে কোন ক্লায়েন্ট পিসি ঐ ফাইল সমূহ ব্যবহার করতে পারে, এবং প্রয়োজনে নিজস্ব ডাটা ফাইল সার্ভারে জমা রাখা যায়। যেকোন সার্ভারের দুটি গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে স্টোরেজ মেমোরী এবং RAM। এ দুটো অংশ কতটা শক্তিশালী হবে তা নির্ভর করে এটি কি ধরনের কাজ করবে এবং কতজন ক্লায়েন্ট এটি ব্যবহার করবে তার উপর।



চিত্র ১.৭: নেটওয়ার্ক সার্ভার

### ১.৮ প্রয়োজনীয় সার্ভার সমূহের তালিকা:-

- ✓ NFS (Network File System)
- ✓ FTP (File Transfer Protocol)
- ✓ SAMBA
- ✓ NIS (Network Information System)
- ✓ PDNS (Primary Domain Name Server)
- ✓ SDNS (Secondary Domain Name Server)
- ✓ Web Server
- ✓ Mail Server
- ✓ DHCP (Dynamic Host Control Protocol)
- ✓ Proxy Server
- ✓ Gate Way

\*\*\* উপরে প্রদত্ত Server সমূহ নিয়ে ৮ম অধ্যায়ে বিস্তারিত আলোচনা করা হবে। \*\*\*

## ১.৯ ক্লায়েন্ট কম্পিউটার:

নেটওয়ার্কে স্থাপিত যে সকল কম্পিউটার নেটওয়ার্কের বিভিন্ন সেবা গ্রহন করে বা শেয়ার করা রিসোর্স সমূহ ব্যবহার করে, সে সকল কম্পিউটারকে ক্লায়েন্ট পিসি বা ওয়ার্কস্টেশন বা টার্মিনাল বলে।



চিত্র ১.৯: ক্লায়েন্ট কম্পিউটার

## ১.১০ হাব ও সুইসের মধ্যে পার্থক্য:


হাব ও সুইসের মধ্যে পার্থক্য বুঝার জন্য একটি উদাহরণ:-

ধরুন একটা চৌরাস্তার মাথায় ট্রাফিক কন্ট্রোল সিস্টেম থাকলে গাড়ি গুলো সুষ্ঠু ভাবে চলাচল করতে পারে আর না থাকলে সব দিকের গাড়ি গুলো এসে ট্রাফিক জ্যাম সৃষ্টি করে, এতে গাড়ি গুলোর স্বাভাবিক গতি কমে যায়। হাবের মধ্যে এই ধরনের কোন ট্রাফিক কন্ট্রোল সিস্টেম না থাকার কারণে, নেটওয়ার্ক মিডিয়াম মধ্যদিয়ে চলাচল-কারি ডাটা সমূহ অতিরিক্ত Band-width দখল করে এতে ডাটা চলাচলে বিঘ্ন ঘটায়। অপর দিকে সুইসের মধ্যদিয়ে ডাটা চলাচল করতে কিছু সু-নির্দিষ্ট নিয়ম-নীতি রয়েছে। সুইস নির্দিষ্ট ডাটাকে কাংখিত পোর্টে (প্রাপক কম্পিউটার/নেটওয়ার্ক সুইসের সাথে যে পোর্টে সংযুক্ত) প্রেরণ করে ফলে নেটওয়ার্ক মিডিয়াম মধ্য দিয়ে সুষ্ঠুভাবে ডাটা চলাচল করতে পারে।

## ১.১১ ও,এস,আই লেয়ার (OSI -7 Layer) :

OSI-Open System Interconnection এর সংক্ষিপ্তরূপ। Computer Networking প্রক্রিয়ায় বিভিন্ন নেটওয়ার্ক আর্কিটেকচারের মধ্যে সামঞ্জস্য বিধানের নিমিত্তে ISO-International Standard Organization কর্তৃক ১৯৭৮ সালে প্রণীত একটি মডেল যা একাধিক কম্পিউটারের মধ্যে সংযোগ স্থাপন বা বিচ্ছিন্ন করন, তথ্যের ধরণ অথবা ভুল বা শুদ্ধ তথ্য আদান-প্রদানের সুনির্দিষ্ট নিয়ম নীতি পালনের জন্য ব্যবহিত Protocol। OSI Layer সম্পর্কে কিছুটা ধারণা দেয়া প্রয়োজন, কারণ

এই লেয়ারগুলোর উপর ভিত্তি করেই নেটওয়ার্কিং ডিভাইসগুলো কাজ করে। চিত্র:১.১১ এ OSI Layer এর মডেল দেয়া আছে, যা ৭ টি স্তরে বিভক্ত। কোনো প্রেরক (Sender) ডিভাইস (যেমন: কম্পিউটার) থেকে ডাটা প্রবাহিত হওয়ার সময়, প্রেরক ডিভাইসের ডাটা উপরের লেয়ার থেকে নিচের লেয়ারের দিকে প্রবাহিত হতে থাকে। প্রতিটি লেয়ারে সেই ডাটাকে নিয়ে কিছু কাজ হয়, তারপর পরবর্তী লেয়ারে পাঠিয়ে দেয়। এভাবে কোন ইউজার যখন কোন ডাটা পাঠায় তখন সেটি প্রথমে আসে Application layer এ, এরপর Presentation layer, Session.... এভাবে চলতে চলতে Physical layer পর্যন্ত। Physical layer এ এসে ডাটা পুরোপুরি Machine Code এ রূপান্তরিত হয়, যা ক্যাবলের মধ্যে দিয়ে গন্তব্যে পাঠানো হয়। গন্তব্যে পৌঁছে প্রাপক (Receiver) ডিভাইসটি ফিজিক্যাল লেয়ারে ডাটাটি গ্রহন করে উপরের দিকের লেয়ারে পাঠাতে থাকে এবং এপ্লিকেশন লেয়ারে পৌঁছানোর পর আমরা সেই ডাটাটি দেখতে পারি। এটাই মূলত OSI Layer এর কাজ। এখানে মনে রাখতে হবে, নেটওয়ার্কিং ডিভাইসগুলো শুধুমাত্র ফিজিক্যাল, ডাটা লিংক এবং নেটওয়ার্ক এই ৩ টি লেয়ারে কাজ করতে পারে। একজন নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর হিসেবে OSI Layer সম্পর্কে পূর্ণাঙ্গ ধারণা রাখা অতি-প্রয়োজনীয়।



চিত্র ১.১১: ও,এস,আই লেয়ার

## নিম্নে OSI-7 এর বিভিন্ন Layer এর কাজের বর্ণনা দেয়া হল;

- **Physical Layer** : এই Layer সাধারণত বিট নিয়ে কাজ করে। ডাটাকে Physical Bit আকারে Transmit করে।
- **Data Link** : ডাটার Frame error chaking করে। Frame management এর মাধ্যমে ডাটার Ackhnologement প্রদান করে।
- **NETWORK** : Packete আকারে ডাটা Sent করে, ডাটাকে Routing করে। এই লেয়ার data link layer এর Frame fragmentation করে।
- **Transport** : নিভুলভাবে data packete সরবরাহ করার জন্য data packete কে Fragmentation, de-fragmentation, Sequence নিয়ন্ত্রন ইত্যাদি কাজ এই লেয়ার করে থাকে।
- **Session** : ডাটাকে Session আকারে Establish করা, Application সমূহকে হোস্ট কম্পিউটারে শেয়ার করার অনুমতি প্রদান করা, ডাটা কানেকশন সেট-আপ, management, এবং Termination ইত্যাদি কাজ এই লেয়ারে সম্পন্ন করা হয়।
- **Presentation** : এই লেয়ারে ডাটার Format পরিবর্তন করা হয় অর্থাৎ data conversion, incryption, De-cryption ইত্যাদি কাজ করা হয়।
- **Application** : User এর বিভিন্ন Application যেমন- Data Base Access, e-mail, File Transfer ইত্যাদি সরাসরি Support করে এমন সব প্রয়োজনীয় Service প্রদান করা এই লেয়ারের কাজ।

\*\*\* এই অধ্যায় মূলত নেটওয়ার্কের উদ্দেশ্য, পরিচিতি, লোকাল এরিয়া নেটওয়ার্কের ধারণা ও গঠন এবং লোকাল এরিয়া নেটওয়ার্ক স্থাপনের জন্য ব্যবহিত বিভিন্ন উপাদানের পরিচিতি, সার্ভার, ক্লায়েন্ট পিসি, হাব ও সুইচের মধ্যে পার্থক্য এবং ডাটা-নেটওয়ার্কিং -এ অতি-গুরুত্বপূর্ণ OSI Layer ইত্যাদি সমন্ধে আলোচনা করা হয়েছে।\*\*\*

=====\*\*\*\*\*=====


# অধ্যায় -০২: নেটওয়ার্ক মিডিয়া, ক্যাবলিং এন্ড টপোলজি।

## ২.১ নেটওয়ার্ক মিডিয়া:


নেটওয়ার্কভুক্ত এক কম্পিউটার থেকে অপর কম্পিউটারে বা এক নেটওয়ার্ক থেকে অপর নেটওয়ার্কে ডাটা আদান-প্রদান করার জন্য channel হিসেবে সাধারণত co-axial cable, fiber optical cable, **UTP/STP cable** অথবা wireless media (যেমন-radio wave, micro wave, infrared wave ইত্যাদি) ব্যবহার করা হয়। এদেরকে নেটওয়ার্ক মিডিয়া বলা হয়।



চিত্র ২.১.১: Co-axial Cable




চিত্র ২.১.২: Fiber optical cable



চিত্র ২.১.৩: ইউ,টি,পি ক্যাবল



চিত্র ২.১.৪: রেডিও ওয়েব



চিত্র ২.১.৫: মাইক্রো ওয়েব




চিত্র ২.১.৬: Infrared ওয়েব

\*\*\* যেহেতু আমরা বেসিক নেটওয়ার্কিং হিসেবে লোকাল এরিয়া নেটওয়ার্ক সম্পর্কে আলোচনা করবো সেহেতু এই অধ্যায় আমরা শুধু লোকাল এরিয়া নেটওয়ার্কে বহুল ব্যবহৃত **UTP cable** সম্পর্কে আলোচনা করবো।\*\*\*

## ২.২ ইউ,টি,পি ক্যাবল UTP Cable:

(UTP-Unshielded Twisted Pair) UTP-কে চার জোড়া Wire media বলা হয় এবং প্রত্যেকটি জোড়া Color Code দ্বারা পৃথক থাকে। UTP Cable এর ৮টি কপার তার থাকে। প্রত্যেকটি কপার তার Insulating Material দ্বারা আবৃত থাকে।



চিত্র ২.২: ইউ,টি,পি ক্যাবল

## ২.৩ UTP Cable-এর সুবিধা:

- ক. EMI, RFI, Cross-talk জনিত Effect থেকে প্রায় মুক্ত।
- খ. Color Code দেখে সহজে ক্যাবলিং করা যায়।
- গ. প্রায় ১০০ মিটার দূরত্ব পর্যন্ত Data Transmit করা যায়।
- ঘ. Data Transmission speed 100 Mbps.

## ২.৪ UTP Cable-এর অসুবিধা:

- ক. Attenuation সমস্যা বিদ্যমান।
- খ. Long distance এ Data Transmit করা যায় না।

গ. EMF, RFI, Cross-talk জনিত Effect থেকে পুরোপুরি মুক্ত নয়।

ঘ. যদিও বলা হয় যে UTP Cable এর Data Transmission speed 100 Mbps কিন্তু বাস্তবে তা 32-38 Mbps পাওয়া যায়।

**\*\*\* UTP Cable কে Engineering ভাষায় RJ-45 Cable বলে, এবং এর Connector কে RJ-45 Connector বলে।\*\*\***

## ২.৫ ক্যাবলিং (Cabling) :

সাধারণত RJ-45 Cable এর সাথে RJ-45 Connector এর সংযোগ, Computer থেকে computer, রাউটার, সুইজ ইত্যাদি ডিভাইস সমূহের মধ্যে RJ-45 Cable এর অন্তঃসংযোগ করার Process কে ক্যাবলিং বলে।


Color Code অনুসারে ক্যাবলিং ২ প্রকার। যথা-

- Straight Through Cabling
- Crossover Cabling

### ২.৫.১ Straight Through Cable:

State through Color Code অনুসারে (অর্থাৎ সাদা-কমলা, কমলা, সাদা-সবুজ, নীল, সাদা-নীল, সবুজ, সাদা-বাদামি, বাদামি) Connector এর সাথে Cable সংযোগ করার Process কে Straight Through Cabling বলে।

আর যে ক্যাবলের উভয় পাশে Straigh Cabling করা হয়, তাকে Straight through Cable বলে।



চিত্র ২.৫.১: Straight Through color code

### ২.৫.২ Crossover Cable:

Crossover Color Code অনুসারে (অর্থাৎ সাদা-সবুজ, সবুজ, সাদা-কমলা, নীল, সাদা-নীল, কমলা, সাদা-বাদামি, বাদামি) Connector এর সাথে Cable সংযোগ করার Process কে Cross Cabling বলে। আর যে ক্যাবলের এক পাশে State through Cabling এবং অপর পাশে Crossover Cabling করা হয়, তাকে Crossover Cable বলে।



চিত্র ২.৫.২: Crossover Cable color code

### ২.৫.৩ Crimper এর ব্যবহার:



চিত্র ২.৫.৩: Crimper

Crimper এমন একটি যন্ত্র যার সাহায্যে চিকন ক্যাবল গুলোকে সমান করে কাটা, এবং কানেক্টরের সাথে ক্যাবল সংযোগ করা হয়। এই ৮টি চিকন ক্যাবলকে Straight Through বা Crossover Color Code অনুসারে সাজানো হয়ে গেলে ক্যাবলগুলোর মাথা Crimper এর সাহায্যে কেটে সমান করে নেয়া হয়। এবার ধীরে যন্ত্রসহকারে ক্যাবলগুলোকে একই সাথে কানেক্টরে ঢোকানো হয়, খেয়াল রাখতে হবে যাতে কানেক্টরের ভেতরে একটি ক্যাবল যেন অন্য আর একটির ওপর



ওভারল্যাপ না করে। ঢোকানো হয়ে গেলে কানেক্টরের ওপর দিক থেকে দেখতে হবে যে সবগুলো তার ঠিকমত বসেছে কিনা এবং শেষ প্রান্ত পর্যন্ত পৌঁছেছে কিনা। যদি সবকিছু ঠিক থাকে তবে কানেক্টরটিকে Crimper এর 8B Connector ছিদ্রে বসিয়ে লিভারে চাপ দিন। কট করে একটি শব্দ শোনার আগ পর্যন্ত চাপ দিতে থাকুন। ব্যাস, আপনার ক্যবলে কানেক্টর লাগানো শেষ।

### ২.৫.৪ Straight through Cable এর ব্যবহার:

সাধারণত ভিন্ন ২টি ডিভাইসের মধ্যে Straight Through Cable ব্যবহার করা হয়। যেমন-

- Computer to Switch
- Switch to Printer
- Switch to Router etc.


### ২.৫.৫ Crossover Cable এর ব্যবহার:

সাধারণত একই জাতীয় ২টি ডিভাইসের মধ্যে Cross Cable ব্যবহার করা হয়। যেমন-

- Computer to Computer
- Switch to Switch
- Router to Router
- Computer to Router etc.

### ২.৬ ল্যান কার্ডের RJ-45 Jack এর ব্যবহার:

RJ-45 Cable Connector এর সাথে কম্পিউটারের সংযোগের জন্য ল্যান কার্ডের RJ-45 Jack ব্যবহার করা হয়।



চিত্র ২.৬: RJ-45 jack of Lan Card

## ২.৭ তিনটি পিসির মধ্যে লোকাল এরিয়া নেটওয়ার্কিং প্রক্রিয়া:

- ৩টি Straight Cable তৈরী করি।
- ৩টি পিসি ও একটি Switch নিই।
- নিম্নক্ত চিত্রানুসারে পিসি গুলোকে Switch এর সাথে Straight Cable সমূহ দ্বারা সংযোগ করি।



চিত্র ২.৭: তিনটি পিসির মধ্যে LAN Connection

## ২.৮ লোকাল এরিয়া নেটওয়ার্কের টপোলজি :


(A Network Topology is the physical layout of the computers, servers, and cables.)  
LAN –ভুক্ত কম্পিউটার সমূহের মধ্যে পারস্পরিক সংযোগ বিন্যাসের কাঠামোকে লোকাল এরিয়া নেটওয়ার্কের টপোলজি বলে ।

## ২.৯ লোকাল এরিয়া নেটওয়ার্কের টপোলজি সমূহ;

- বাস (bus) টপোলজি
- রিং (ring) টপোলজি
- স্টার (star) টপোলজি
- হাইব্রিড (hybrid/mash) টপোলজি ইত্যাদি।

### ২.১.১ বাস (bus) টপোলজি :


বাস টপোলজিতে নেটওয়ার্কভুক্ত সকল কম্পিউটার একটি মাত্র ক্যাবল দ্বারা সংযুক্ত থাকে। সাধারণত এই টপোলজিতে নেটওয়ার্ক মিডিয়া হিসেবে Co-axial ক্যাবল ব্যবহার করা হয়।



চিত্র ২.১.১ : বাস টপোলজি

### ২.১.২ রিং টপোলজি:

রিং টপোলজিতে নেটওয়ার্কভুক্ত সকল কম্পিউটার পরস্পর রিং আকৃতিতে একটি অভিন্ন ক্যাবল দ্বারা সংযুক্ত থাকে। ক্যাবলের কোনরূপ ভাঙ্গন অথবা নেটওয়ার্কভুক্ত কোন কম্পিউটার বিকল হলে, সম্পূর্ণ নেটওয়ার্ক অচল হয়ে যায়। এই সমস্যা দূর করার জন্য রিং টপোলজিতে সেকেন্ডারি রিং- ক্যাবলের ব্যবস্থা রাখা হয়।




চিত্র ২.১.২: রিং টপোলজি

### ২.১.৩ স্টার টপোলজি (star topology) :

স্টার টপোলজিতে একটি কেন্দ্রীয় switch / hub কে কেন্দ্র করে স্টার টপোলজি গড়ে উঠে। এই নেটওয়ার্কের কোন কম্পিউটার যদি বিকল হয়ে যায় তবে সম্পূর্ণ নেটওয়ার্কের উপর কোন প্রভাব

পড়েনা। সার্ভার কম্পিউটার এর মাধ্যমে অন্যান্য ক্লায়েন্ট কম্পিউটার পরস্পরের সাথে যোগাযোগ করে থাকে। (The star topology consists of all of the nodes on a network connected to a central switch or hub. A node is a device attached to the network – such as a computer.) source internet.



চিত্র ২.১.৩ স্টার টপোলজি

স্টার টপোলজিতে যদি সুইচ বা হাবটি বন্ধ করে রাখা হয়, তবে পুরো নেটওয়ার্কই বন্ধ হয়ে যাবে। কারণ সুইচ দিয়েই PC গুলো Communicate করছে। এখানে মনে রাখতে হবে যে, PC থেকে Switch পর্যন্ত Straight-through Cable ব্যবহার করতে হবে। কারণ Switch এবং PC ভিন্ন ধরনের Device। সাধারণ Switch-কে কোন ধরনের কনফিগারেশনের প্রয়োজন হয় না।

### ২.১.৩.১ স্টার টপোলজির সুবিধা সমূহ:

- যে কোন সময় নেটওয়ার্ক সম্প্রসারণ করা যায়, এতে নেটওয়ার্কের উপর কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি হয় না।
- কেন্দ্রীয় ভাবে নিয়ন্ত্রিত হয় বলে নেটওয়ার্কের সমস্যা নির্ণয় করা সহজ।
- নেটওয়ার্ক ভুক্ত কোন কম্পিউটার বিকল হলেও, এতে সম্পূর্ণ নেটওয়ার্কে তার প্রভাব পড়েনা।

### ২.১.৩.২ স্টার টপোলজির অ-সুবিধা সমূহ:

- তুলনামূলক ভাবে অধিক ক্যাবলের ব্যবহার হয়।
- হাব বা Switch বা কেন্দ্রে কোন সমস্যা হলে, এতে সম্পূর্ণ নেটওয়ার্ক ব্যবস্থা বিকল হওয়ার সম্ভাবনা থাকে।
- Switch এর Port সংখ্যার উপর কম্পিউটারের সংখ্যা নির্ভর করে, তবে অতিরিক্ত Switch ব্যবহার করে এই সমস্যা দূর করা যায়।

### ২.১.৪ সংকর বা Hybrid টপোলজি :

সাধারণত স্টার, রিং, বাস ইত্যাদি টপোলজির মিশ্রণে গঠিত, আকরে অনেক বড় ও জটিল নেটওয়ার্ককে সংকর বা hybrid টপোলজি বলে।

যেমন- WAN, Internet ইত্যাদি নেটওয়ার্ক সাধারণত hybrid টপোলজিতে গড়ে উঠে।

\*\*\* এই অধ্যায় আমরা নেটওয়ার্ক মিডিয়া হিসেবে RJ-45 Cable এবং Straight Cable, Cross Cable তৈরীর প্রক্রিয়া ও এর ব্যবহার, নেটওয়ার্ক টপোলজি সমূহ, স্টার টপোলজির সুবিধা-অসুবিধা সমন্ধে আলোচনা করা হয়েছে সম্পর্কে আলোচনা করেছি।\*\*\*

=====\*\*\*\*\*=====\*\*\*\*\*=====\*\*\*\*\*=====

# অধ্যায় -০৩: নেটওয়ার্ক প্রোটোকল

## ৩.১ নেটওয়ার্ক প্রোটোকল (Network Protocol):

এক কম্পিউটার থেকে অপর কম্পিউটারে বা এক নেটওয়ার্কে থেকে অপর নেটওয়ার্কে Communication করতে হলে, কতগুলো সু-নির্দিষ্ট নিয়ম-নীতি মেনে চলতে হয়। এই সকল নিয়ম-নীতি কে নেটওয়ার্কিং এর ভাষায় প্রোটোকল (Network Protocol) বলে।

Network Protocol সমূহ যথা-

- TCP
- IP
- IPX/SPX
- NetBEUI
- HTTP
- FTP ইত্যাদি।

\*\*\* এই বইতে শুধু মাত্র TCP/ IP সমন্ধে আলোচনা করা হবে।\*\*\*

## ৩.২.১ টি,সি,পি/ আই,পি TCP/ IP :

TCP – Transmission Control Protocol এবং IP– Internet Protocol মূলত একই ধরনের কাজ করে। TCP/IP, নেটওয়ার্ক ভুক্ত কম্পিউটার সমূহকে বিভিন্ন ধরনের সার্ভিস যেমন- Remote login, File Transfer, e-mail, Data আদান-প্রদান ইত্যাদি সুযোগ-সুবিদা প্রদান করে থাকে।

## ৩.২.২ আই,পি ঠিকানা (IP address) :

নেটওয়ার্ক ভুক্ত এক কম্পিউটার থেকে অপর কম্পিউটারে যোগাযোগ করতে হলে, প্রথমে প্রয়োজন কাংখিত কম্পিউটারের একটি ঠিকানা। নেটওয়ার্ক ভুক্ত সকল কম্পিউটারের একটি করে নির্দিষ্ট ঠিকানা থাকে, আর এই ঠিকানাকে IP address বলে। IP Address Dot (.) দ্বারা চারটি অংশে বিভক্ত। এই বইতে আমরা ৩২ বিটের আইপি অর্থাৎ **IPv4** নিয়ে আলোচনা করবো।

উদাহরণ :- 11000000.10101000.00000000.00000001 (Binary Format)

কিন্তু এত বড় IP Address মনে রাখা বা ব্যবহার করা কঠিন তাই একে ডিসিমেল ফরমেটে লিখা হয়। যেমন- উপরোক্ত বাইনারি ফরমেটের IP Address -টির ডিসিমেল ফরমেট হবে,

192.168.0.1 (Decimal Format)

### ৩.২.৩ IP Address এর শ্রেণী বিভাগ:

নেটওয়ার্কের আকার, গঠন, ও অবস্থান অনুসারে উপযুক্ত ক্লাসের IP address ব্যবহার করতে হয়।

IP Address কে ৫টি শ্রেণীতে ভাগ করা হয়েছে। যথা-

- Class A
- Class B
- Class C
- Class D
- Class E

### ৩.২.৪ IP Class সমূহের সীমা (Range of IP Class) :

○ Class A	Range 0.0.0.0 to 127.0.0.0	[Subnet mask 255.0.0.0]
○ Class B	Range 128.0.0.0 to 191.0.0.0	[Subnet mask 255.255.0.0]
○ Class C	Range 192.0.0.0 to 223.0.0.0	[Subnet mask 255.255.255.0]
○ Class D	Range 224.0.0.0 to 239.0.0.0	[ Reserve ]
○ Class E	Range 240.0.0.0 to 255.0.0.0	[ Reserve ]

### ৩.২.৫ প্রাইভেট IP Address:

লোকাল এরিয়া নেটওয়ার্কে Non-Routable কিছু IP Address ব্যবহার করা হয়, যে গুলো internet দ্বারা Access করা যায় না। প্রাইভেট IP Address গুলো হচ্ছে,


○ Class A	Range	10.0.0.0 to 10.255.255.255
○ Class B	Range	172.16.0.0 to 172.31.255.255
○ Class C	Range	192.168.0.0 to 192.168.255.255

\*\*\* এই বইতে শুধু মাত্র Local Area Networking-এ বহুল ব্যবহৃত ক্লাস সি-র আইপি নিয়ে আলোচনা করা হবে। \*\*\*

### ৩.৩ ক্লাস সি (Class C IP Address):

Class C এর আইপি-র সীমা 192-223 অর্থাৎ Class C এর IP Address শুরু হয় 192.0.0.0 থেকে 223.0.0.0 পর্যন্ত এবং এর Default Mask হবে 255.255.255.0 । সাধারণত ছোট আকারের লোকাল এরিয়া নেটওয়ার্ক, যেখানে সর্বোচ্চ ২০০ থেকে ২৫৫টি পর্যন্ত কম্পিউটার নিয়ে নেটওয়ার্ক গড়ে তুলে হয়, সেখানে সি-ক্লাসের আইপি ব্যবহার করা হয়।

উদাহরণ:- 255.268.2.1 একটি সি-ক্লাসের আইপি।





চিত্র ৩.৩ : রাউটার ব্যবহার করে, ভিন্ন ভিন্ন ক্লাসের নেটওয়ার্কের সাথে যোগাযোগ প্রক্রিয়া ।

বিঃদ্র: একই নেটওয়ার্ক ভুক্ত সকল কম্পিউটারে একই ক্লাসের আইপি ব্যবহার করতে হয়। ভিন্ন ভিন্ন ক্লাসের আইপি দিয়ে তৈরী ভিন্ন ভিন্ন নেটওয়ার্কের সাথে Communication করতে হলে অবশ্যই Router ব্যবহার করতে হবে।

### ৩.৩.১ সকেটস (Socket) :

TCP/IP Network –এ Computer to Computer বা অন্যান্য Host এর সাথে Communication করতে হলে প্রথমে প্রয়োজন কাংখিত কম্পিউটারের IP এবং ঐ কম্পিউটারের নির্দিষ্ট Port number । Socket হচ্ছে IP Address এবং **Port number** এর সমন্বয়ে গঠিত।

### ৩.৩.২ Port number :

IP হচ্ছে নেটওয়ার্ক ভুক্ত কোন কম্পিউটারের ঠিকানা, অপর দিকে Port হচ্ছে ঐ কম্পিউটারের নির্দিষ্ট Application এর ভারুয়াল ঠিকানা।


উদাহরণ:- যদি কোন ক্লায়েন্ট পিসি, সার্ভারের সাথে ফাইল শেয়ারিং করে তবে প্রটোকল হিসেবে TCP/IP এবং পোর্ট নম্বর 20-21 ব্যবহার করবে।

অর্থাৎ File Transfer Protocol এর জন্য 20-21 নম্বর **Port number** নির্দিষ্ট করা থাকে।

## ৩.৪ ফায়ারওয়াল (Firewall) :





ফায়ারওয়াল হচ্ছে এক-সেট নিয়ম-নীতি যা নেটওয়ার্কভুক্ত কম্পিউটার কে বিভিন্ন ধরনের ভাইরাস থেকে মুক্ত রাখা, অ-অনুমোদিত ইউজারকে কম্পিউটার Access বা Remote Login করতে না দেয়া, ইউজারদের কে কি কি সার্ভিস প্রদান করা হবে তা নির্ধারণ করা সহ নেটওয়ার্কের যাবতীয় নিরাপত্তা প্রদান করার জন্য ফায়ারওয়াল ব্যবহার করা হয়।


ফায়ারওয়াল Hardware কিংবা Software এই ২'ধরনেরই হতে পারে।





চিত্র ৩.৪: ফায়ারওয়ালের ব্লগ ডায়াগ্রাম।

### ৩.৫ উইন্ডোস - ৭(Windows-7)এ ফায়ারওয়াল কনফিগারকরণ:

Windows-7 এ ফায়ারওয়াল কনফিগারেশনের জন্য প্রথমে  Start >>  Control panel >>  System and security >>  Windows Firewall >> Allowed Programs -এ ক্লিক করি। এতে নিচের ডায়ালগ বক্সটি আসবে,



চিত্র ৩.৫: Allowed Programs -এর অধীনে সার্ভিস ট্যাব ডায়ালগ বক্স।

এই ডায়ালগ বক্স থেকে  -এ ক্লিক করি এবং সার্ভিস সমূহের তালিকা থেকে প্রয়োজনসম্মত সার্ভিস সমূহের public/private এই দুই ধরনের নিরাপত্তা ট্যাব থেকে প্রয়োজনীয় ট্যাব সিলেক্ট করি এবং সর্বশেষ  বাটনে ক্লিক করি।

### ৩.৬ গুরুত্ব পূর্ণ প্রটোকল সমূহের পোর্ট নম্বর ও এদের প্রয়োগ:

নেটওয়ার্কে ফায়ারওয়াল Configure করা, কোন সার্ভিসের জন্য কোন Port ব্যবহার করতে হয় তা জানা একজন নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারের জন্য খুব গুরুত্বপূর্ণ। নিম্নে গুরুত্বপূর্ণ পূর্ণ প্রটোকল সমূহের পোর্ট নম্বর দেয়া হল, যে গুলো সার্ভার designe এর ক্ষেত্রে Security প্রদান করে;

Protocol Name	Port Number	Application
ftp	20-21	File Transfer Protocol ফাইল শেয়ারিং করতে ব্যবহার করা হয়।
ssh	22	SSH হচ্ছে Remote Login Protocol নেটওয়ার্কভুক্ত এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটার কে Access বা Remote login করতে ব্যবহার করা হয়। (শুধুমাত্র linux থেকে linux এ Remote Login করতে ব্যবহার করা হয়)
TELNET.telnet	23	Serve এ প্রবেশ করে Switch/Router কে নিয়ন্ত্রন করার জন্য Telnet protocol ব্যবহার করা হয়।
SmtP	25	Simple Mail Transfer Protocol
RAP	38	Router Access Protocol. রাউটারের মাধ্যমে Network-এ high speed এ Communication করার জন্য RAP ব্যবহার করা হয়।
DNS	53	Domain name server. সকল ধরনের Web site এবং host name সমূহ DNS-Server এ hosting করা হয়।
tftp	69	Trivial File Transfer Protocol
gopher	70	Gopher

www/http	80	World Wide Web /Hyper text transfer protocol. http এর মাধ্যমে URL নির্দেশিত হয়।
<b>NPP</b>	<b>82</b>	Network printing protocol
<b>DCP</b>	<b>93</b>	Device Controll Protocol Networking এ ব্যবহিত হয় এমন device সমূহকে নিয়ন্ত্রন করার জন্য DCP ব্যবহার করা হয়।
pop2	109	Post Office Protocol-V2. Mail data receive করার কাজে POP ব্যবহার করা হয়।
pop3	110	Post Office Protocol-V3 Mail data receive করার কাজে POP ব্যবহার করা হয়।
nntp	119	Network News Transfer Protocol
imap	143	Internet Message Access Protocol
<b>SNMP</b>	<b>161</b>	Simple network management protocol.
irc	194	Internet Relay Chat Protocol
imap3	220	Interactive Mail Access Protocol V3
printer	515	Spooler
imap4-ssl	585	IMAP4+SSL (use 993 instead)
ftps	990	ftp protocol, control, over TLS/SSL
telnets	992	telnet protocol over TLS/SSL
imaps	993	imap4 protocol over TLS/SSL

ircs	994	irc protocol over TLS/SSL
pop3s	995	pop3 protocol over TLS/SSL (was spop3)
<b>MAILBOX</b>	<b>2004</b>	
<b>UDP</b>	<b>3804</b>	User datagram protocol
<b>Proxy port</b>	<b>8080</b> Default port 3128	
<b>DHCP</b>		Dynamic host configure protocol
<b>TCP</b>		Transmission control protocol

### ৩.৭ আইপি -র সুবিধা (Advantage of IP):

- Ethernet cable networking.
- Fiber-optic cable networking.
- Satellite Communication.
- Satellite Communication.
- Radio Link.
- এবং অন্যান্য physical media দ্বারা Communication set-up করার জন্য IP ব্যবহার করা হয়।

\*\*\* এই অধ্যায়ে নেটওয়ার্কিং এ অতি-প্রয়োজনীয় IP, IP address এর শ্রেণী বিভাগ, IP address এর ফরমেট, TCP/IP, Port Number সহ নেটওয়ার্কের নিরাপত্তার জন্য অতি গুরুত্ব পূর্ণ ফায়ারওয়াল সম্পর্কে আলোচনা করা হয়েছে।\*\*\*


=====\*\*\*\*\*=====\*\*\*\*\*=====\*\*\*\*\*=====

## অধ্যায় -০৪: উইন্ডোজ-৭ এ আইপি সেট-আপ ও রিসোর্স শেয়ারিং

### ৪.১ উইন্ডোজ-৭ এ আইপি সেট-আপ প্রক্রিয়া:


ধরি, আমরা ৩টি পিসির মধ্যে ল্যান করবো, এই জন্য Class C এর আইপি ব্যবহার করবো এবং এই ৩টি পিসি কে নিম্নলিখিত IP Address সমূহ বরাদ্দ করি;


- 192.168.2.1
- 192.168.2.2
- 192.168.2.3




চিত্র ৫.১: ৩টি পিসির স্টার টপোলজি ও আই,পি সেটিং

এখন উপরোক্ত চিত্রানুসারে ৩টি পিসির মধ্যে ল্যান করি এবং প্রত্যেক কম্পিউটারে নিম্নলিখিত প্রক্রিয়ায় IP Setup করি;

- LAN Card Install না করা থাকলে Installation করি।
- প্রত্যেক কম্পিউটারকে একটি User name সহ Password প্রদান করি।
-  > Control Panel > Network And Internet > Networking And Sharing Center > Change adapter Settings > Local Area Connection এ double Click করি, নিচের Window টি আসবে;



- এখান থেকে Internet Protocol 4(TCP/IPv4) সিলেক্ট করে OK ক্লিক করি এবং **Properties** বাটন ক্লিক করি। নিচের উইন্ডোটি আসবে :-





- এখান থেকে **Use the following IP address:** ক্লিক করি এবং IP Address এবং Subnet Mask সেট করি। যেহেতু আমরা শুধুমাত্র নিজেদের মধ্যে নেটওয়ার্কিং করবো তাই এই নেটওয়ার্কে প্রাইভেট IP Address ব্যবহার করবো। তাই ১ম কম্পিউটারটির IP Address 192.168.0.1, ২য় কম্পিউটারটির 192.168.0.2, ৩য় কম্পিউটারটির IP Address 192.168.2.3..... এভাবে 192.168.0.254 পর্যন্ত ক্রমানুসারে প্রতিটি কম্পিউটারে IP Address সেট করি। এক্ষেত্রে সাবনেট মাস্ক (Subnet Mask) সব কম্পিউটারে একই হবে অর্থাৎ 255.255.255.0 । ইন্টারনেটের সাথে যুক্ত না হতে চাইলে IP Address এবং Subnet Mask বসানোই যথেষ্ট।

তবে এই নেটওয়ার্কটিকে যদি ইন্টারনেটের সাথে যুক্ত করতে চাই সেক্ষেত্রে আমাদেরকে অতিরিক্ত Gateway Address এবং DNS Server Address বসাতে হবে। যে কম্পিউটারটি সরাসরি ইন্টারনেটের সাথে যুক্ত, সেই কম্পিউটারটির জন্য ইন্টারনেট সার্ভিস প্রভাইডারদের (ISP) দেয়া Gateway Address এবং DNS Server Address বসাতে হবে (যদি GPRS Modem ব্যবহার করে Internet-এ সংযোগ করি সেইক্ষেত্রে Gateway Address বা DNS Server Address বসাতে হবে না)। ইন্টারনেট যুক্ত ঐ কম্পিউটারটিকে সার্ভার হিসেবে ব্যবহার করে অন্য কম্পিউটারগুলো ইন্টারনেট ব্যবহার করবে তাই অন্য কম্পিউটারগুলোর (Client) জন্য Gateway Address এবং DNS Server Address হবে সার্ভার কম্পিউটারের IP Address।

এখানে একটি বিষয় মনে রাখতে হবে, ইন্টারনেট যুক্ত নেটওয়ার্কে যে কম্পিউটারটি সরাসরি ইন্টারনেটের সাথে যুক্ত সেই কম্পিউটারটি হচ্ছে Server আর বাকি সকল কম্পিউটার Client পিসি হিসেবে ইন্টারনেট ব্যবহার করবে। সকল কম্পিউটারে ইন্টারনেট ব্যবহার করার জন্য সার্ভার কম্পিউটারটিকে সব সময় চালু রাখতে হবে। সার্ভার কম্পিউটারটি বন্ধ করলে নেটওয়ার্কের অন্যান্য কম্পিউটার ইন্টারনেট ব্যবহার করতে পারবে না, তবে নিজেদের মধ্যে নেটওয়ার্কিং/ফাইল শেয়ারিং করতে পারবে। যদি ইন্টারনেট সংযোগ না থাকে তবে নেটওয়ার্কে সার্ভারের কোন প্রয়োজন নেই, তখন সব পিসিই হবে ক্লায়েন্ট।

- প্রত্যেক কম্পিউটার থেকে প্রত্যেক কম্পিউটারকে ping করি। (৫.২ নং প্যারাতে ping নিয়ে আলোচনা করা হয়েছে)।



-  Start >>  Network এ ক্লিক করি। এখানে নেটওয়ার্কভুক্ত সকল হোস্ট কম্পিউটার সমূহ Show করবে। যদি Show না করে, তবে কম্পিউটারকে Restart করি।
- Network এ show-কৃত কম্পিউটার সমূহের Resource ব্যবহার করার জন্য নির্দিষ্ট কম্পিউটারের হোস্ট নেইমে ক্লিক করি এবং উক্ত নির্দিষ্ট কম্পিউটারের User Name এবং Password দিয়ে Login করি।

## 8.২ Ping Command -এর ব্যবহার:

Ping একটি TCP/IP tool যা দ্বারা নেটওয়ার্ক সক্রিয় আছে কিনা বা নেটওয়ার্ক ভুক্ত পিসি সমূহ অথবা অন্যান্য নেটওয়ার্ক সক্রিয় আছে কিনা অথবা internet এ কোন সাইট সক্রিয় আছে কিনা তা পরীক্ষা করা হয়।


DOS mode এ গিয়ে (অর্থাৎ start >> run >> cmd >> <Enter>) টাইপ করি,  
ping<space>টার্গেট পিসির হোস্টনেইম বা IP Address<space>-t লিখে **এন্টার** কী চাপ দিই।

### Ping (IP-address/Host name) -t (Enter)

```
যেমন:- ping 192.168.2.11 -t          অথবা
        Ping lincon@fci.com -t        অথবা
        Ping www.google.com -t
```

চিত্র ৫.২.ক. পিং কমান্ডের ফরম্যাট

Ping Command যদি IP Address অন্তর্ভুক্ত কোন হোস্ট কম্পিউটার/ ওয়েব সাইট/ সার্ভার কে খুঁজে না পায় তবে ping command time out এর পর “Unknown host”/ “transmit failed” ইত্যাদি মেসেজ প্রদর্শন করে।



```

C:\Windows\system32\cmd.exe - ping 192.168.2.11 -t
C:\Users\lincon_fci>ping 192.168.2.11 -t
Pinging 192.168.2.11 with 32 bytes of data:
PING: transmit failed. General failure.
PING: transmit failed. General failure.
PING: transmit failed. General failure.
PING: transmit failed. General failure.
PING: transmit failed. General failure.
PING: transmit failed. General failure.
PING: transmit failed. General failure.
PING: transmit failed. General failure.
PING: transmit failed. General failure.
PING: transmit failed. General failure.
PING: transmit failed. General failure.
PING: transmit failed. General failure.
PING: transmit failed. General failure.
PING: transmit failed. General failure.
PING: transmit failed. General failure.
PING: transmit failed. General failure.

```

চিত্র ৪.২.খ. ping 192.168.2.11 এর Output


উপরোক্ত চিত্রানুসারে দেখা যাচ্ছে যে, উক্ত কম্পিউটার বা নেটওয়ার্কের সাথে 192.168.2.11 আই,পি -র কোন কম্পিউটার বা নেটওয়ার্কের কোন সংযোগ নেই। অর্থাৎ 192.168.2.11 আই,পি-টি বর্তমানে অ-সক্রিয়।


### ৪.৩ ফাইল শেয়ারিং :

File/folder শেয়ার করার জন্য ঐ File/folder যে Drive এ(যেমন-C,D,E,F,G ইত্যাদি) আছে, প্রথমে সেই ডিরেক্টরি সিলেক্ট করে মাউসের ডানের-বাটন ক্লিক করি। অত,পর একটি ডায়ালগ বক্স আসবে এবং Share with >> Advanced sharing.... >> Advanced sharing.... >> Share this folder >> Apply >> OK দিই।

### ৪.৪ ইন্টারনেট শেয়ারিং (Wirless Modem):

ধরি, আমরা Grammen Phone এর Wirless Modem দিয়ে ইন্টারনেট ব্যবহার করছি। এখন আমরা যদি LAN এ অন্তর্ভুক্ত সকল কম্পিউটারে একই মডেমের মাধ্যমে ইন্টারনেট ব্যবহার করতে চাই, তবে অবশ্যই আমাদেরকে Internet Sharing সেটিং করতে হবে। নিম্নে কি ভাবে Internet Sharing করতে হয়, তা বিস্তারিত ভাবে পর্যায়ক্রমে আলোচনা করা হয়েছে।

- Modem সংযুক্ত কম্পিউটারের  > Control Panel > Network And Internet > Networking And Sharing Center > Change adapter Settings >



এ Click করি এবং মাউসের ডান বাটনে ক্লিক করে


Properties এ ক্লিক করি, > Sharing >

Allow other network users to connect through this computer's Internet connection

> Ok

- এখন LAN এ অন্তর্ভুক্ত ক্লায়েন্ট কম্পিউটার সমূহে Default gateway IP এবং DNS IP হিসেবে 4.2.2.1 বসাই অত,পর OK বাটনে ক্লিক করি।

এখানে Default gateway IP হচ্ছে ঐ কম্পিউটারের IP, যে কম্পিউটার সরাসরি Modem দ্বারা ইন্টারনেটের সাথে সংযুক্ত।



চিত্র 8.8: ক্লায়েন্ট পিসিতে Gateway এবং DNS IP

- এখন ক্লায়েন্ট পিসির যে কোন Browser (যেমন-internet Explorer) Open করি এবং ইন্টারনেট ব্যবহার করি।

বি:দ্র: সকল কম্পিউটারে ইন্টারনেট ব্যবহার করার জন্য gateway (মডেম সংযুক্ত পিসি) কম্পিউটারটিকে সব সময় চালু রাখতে হবে। Gateway কম্পিউটারটি বন্ধ করলে নেটওয়ার্কের অন্যান্য কম্পিউটার ইন্টারনেট ব্যবহার করতে পারবে না।

\*\*\* এই অধ্যায়ে আমরা টি.সি.পি/আই'পি সেট-আপের ধারাবাহিক নিয়ম ও কিভাবে ফাইল ও Internet এর মত গুরুত্বপূর্ণ Resource সমূহ শেয়ারিং করতে হয় তা নিয়ে আলোচনা করেছি। আশা করি এই অধ্যায় সহ উপরের সকল অধ্যায় ভালো করে অধ্যয়ন করার মাধ্যমে অতি সহজে আমরা নিজে নিজে ছোট আকারের ল্যান করতে পারবো। প্রথম থেকে এই পর্যন্ত বেসিক কম্পিউটার নেটওয়ার্ক সম্পর্কে আলোচনা করা হয়েছে। পরবর্তী অধ্যায় সমূহে linux base নেটওয়ার্কিং কিভাবে গড়ে তুলতে হয় তা পর্যায়ক্রমে আলোচনা করা হবে।\*\*\*

=====\*\*\*\*\*=====

## অধ্যায় -০৫: নেটওয়ার্ক অপারেটিং সিস্টেম ( লিনাক্স )

নেটওয়ার্ক অপারেটিং সিস্টেম (Network Operating System) কে সংক্ষেপে “নস” (NOS) নামে ডাকা হয়। NOS OSI-Model এর Application, Presentation, এবং Session layer-এ কাজ করে। বিভিন্ন সময় বিভিন্ন কোম্পানি বিভিন্ন নেটওয়ার্ক অপারেটিং সিস্টেম(NOS) বাজারজাত করেন। আশির দশকে ডাটা কমিউনিকেশনের জন্য নোভেল(Novell) খুব জনপ্রিয় নস হিসেবে ব্যবহার হত। বর্তমানে linux নেটওয়ার্ক অপারেটিং সিস্টেম বহুল ভাবে ব্যবহার হচ্ছে।

### ৫.১ জনপ্রিয় নেটওয়ার্ক অপারেটিং সিস্টেম সমূহের নামের তালিকা:

- বানিয়ান (Banyan)
- নোভেল (Novell)
- মাইক্রোসফট (Microsoft)
- Microsoft NT/2000 Server
- ইউনিক্স (Unix)
- লিনাক্স (linux) ইত্যাদি।

\* মাইক্রোসফট নেটওয়ার্ক অপারেটিং সিস্টেমের ক্ষেত্রে Protocol হিসেবে (SMB-Server Message Blocks) ব্যবহার করা হয়।

\* নোভেল (Novell) নেটওয়ার্ক অপারেটিং সিস্টেমের ক্ষেত্রে Protocol হিসেবে (NCP-Netware Core Protocol) ব্যবহার করা হয়।

\* linux এবং Unix এর ক্ষেত্রে Protocol হিসেবে SAMBA ব্যবহার করা হয়।

### ৫.২ নেটওয়ার্ক অপারেটিং সিস্টেমের শ্রেণী বিভাগ

ব্যবহারকারি অনুসারে অপারেটিং সিস্টেম মূলত দুই প্রকার। যথা-

- User Friendly Operating System (For normal user)
- Non- User Friendly Operating System (For Server)

**\*\*Non- User Friendly Operating System সমূহ মূলত সার্ভার ডিজাইন, নেটওয়ার্ক সেট-আপ ইত্যাদি কাজে ব্যবহার করা হয়।\*\***

বর্তমানে কম্পিউটার নেটওয়ার্কিং এ Windows base NOS হিসেবে;

- ✓ Windows Server 2003
- ✓ Windows Server 2008

এবং linux base NOS হিসেবে;

- ✓ Redhat Enterprise linux 9,6,5
- ✓ Fedora
- ✓ SUSE
- ✓ Ubuntu
- ✓ Linux mint ইত্যাদি খুব জনপ্রিয় নস হিসেবে ব্যবহার হচ্ছে।

এই বইতে শুধু Redhat Enterprise linux-5 নিয়ে আলোচনা করা হবে।

## ৫.৩ লিনাক্স (linux) :

লিনাক্স একটি উন্মুক্ত অপারেটিং সিস্টেম যেটি লিনাক্স টোরভাল্ডস তৈরী করেন যা পরবর্তীতে সমগ্র বিশ্বের বিভিন্ন প্রান্তের Developer কর্তৃক উন্নয়ন করা হচ্ছে। এটি জিএনইউ জেনারেল পাবলিক লাইসেন্সের আওতায় তৈরী করা হয়েছে ফলে এটি সমগ্র বিশ্বে সবার কাছে সহজলভ্য। লিনাক্স টোরভাল্ডস ১৯৯১ সালের নভেম্বর মাসে linux -এর খসড়া তৈরী করেন যা ১৯৯২ সালে Internet-এ Open Source Software হিসেবে ছেড়ে দেন।




চিত্র ৫.৩: লিনাক্স টোরভাল্ডস (linus Torvalds)

## ৫.৪ লিনাক্সে অপারেটিং সিস্টেমের সুবিধা (Advantage of linux Operating System) :

- লিনাক্সে একটি Free Software Foundation এর পণ্য যা বিনা মূল্যে পাওয়া যায়।
- লিনাক্স একটি পরিপূর্ণ অপারেটিং সিস্টেম।
- লিনাক্সের Software সমূহের Format “.RPM”।linux “.exe” প্রোগ্রাম Support করে না বলে লিনাক্স প্রায় ভাইরাস মুক্ত।
- লিনাক্স খুব Secure অপারেটিং সিস্টেম যা হ্যাক করা প্রায় দুসাহ্য।
- সার্ভার ডিজাইনে লিনাক্স ব্যবহার করা হয়।
- Linux এর Source code open তাই User নিজের ইচ্ছা মত একে develop করতে পারে যা অন্য কোন Operating system এ অ-কল্পনীয়।
- Redhat Enterprise linux-5 Operating system এর সাথে প্রয়োজনীয় প্রায় ২০০০(দু’হাজার) Software বিল্ট ইন অবস্থায় পাওয়া যায়। অপরপক্ষে উইন্ডোজে (আইনগত পদ্ধতিতে) শুধু একটি সি কম্পাইলার যোগাড় করতেই কয়েক হাজার টাকা খরচ করতে হয়।
- একটি লিনাক্স সার্ভারকে কয়েক মাস যাবৎ একনাগাড়ে চলতে দেখা গেছে, যেখানে একটি উইন্ডোজ সিস্টেমকে প্রতিনিয়তই রিবুটের মধ্যে থাকতে হয়।
- লিনাক্স কারনেল কে নিজের মত করে সাজানো যায়।
- অন্যান্য অপারেটিং সিস্টেমের তুলনায় লিনাক্স অধিক দ্রুত গতিতে কাজ করতে পারে।
- লিনাক্সের DNS/Name Resolution Service টি খুব শক্তিশালী। এতে হোস্ট নেইম অনুসারে আই’পি এড্রেস সেট করা হয় বলে রাউটিং এ linux-কে দক্ষতার সাথে ব্যবহার করা যায়।
- Linux operating system ব্যবহার করে একটি সাধারণ কম্পিউটারকে সুপার কম্পিউটারে রূপ দেয়া যায়।
- তুলনামূলক ভাবে কম গতি সম্পন্ন কম্পিউটার দিয়ে linux চালানো যায়। যেমন- intel-386/486 microprocessor এর পিসি দিয়ে রাউটিং এর কাজ করানো যায়, আবার পেন্টিয়াম-১০০ দিয়ে মেইল সার্ভার চালানো যায়।
- উপরোক্ত সুবিধা সমূহের জন্য বর্তমানে নেটওয়ার্ক অপারেটিং সিস্টেম হিসেবে linux খুব জনপ্রিয়।

## ৫.৫ লিনাক্সের সার্ভিস সমূহের তালিকা:

- File & Print Service
- Application service
- Internet Service
- E-mail service
- DNS/Name Resolution Service ইত্যাদি।



চিত্র ৫.৫: linux kernel diagram


## ৫.৬ লিনাক্সের সিস্টেম ডিরেক্টরিস:

এক বা একাধিক ফাইল নিয়ে এক একটি লিনাক্স System directory গঠিত। linux System directory মূলত দু'ই প্রকার। যথা-

- ✓ Root directory
- ✓ Sub directory

Root হচ্ছে Supper User Directory। Root কে Rename করা যায় না। একে “/” Forward slash দ্বারা নির্দেশ করা হয়। অপর দিকে “/” এর অধ:স্তন directory সমূহকে সাব ডিরেক্টরি বলা হয়। সাব ডিরেক্টরি সমূহকে User এর ইচ্ছানুসারে সংযোজন-বিয়োজন, প্রয়োজনে Rename করা যায়। যেমন- home directory-র file path হচ্ছে; /home ।





চিত্র ৫.৬: redhat linux এর বাই ডিফল্ট ডিরেক্টরি ডায়াগ্রাম

ডিরেক্টরির নাম	কাজ
/bin	এটি হচ্ছে Normal user directory. সিস্টেমের executable file সংরক্ষণ করা এই ডিরেক্টরির কাজ।
/sbin	এটি হচ্ছে Administrative user directory. Supper user কতৃক ব্যবহিত executable file সমূহ সংরক্ষণ করা এই ডিরেক্টরির কাজ।
/root	এটি Supper user directory.
/home	Home হচ্ছে বিভিন্ন Usre এর info-directiory। User কতৃক তৈরী সকল file/documents এই ডিরেক্টরিতে সংরক্ষণ করা হয়।
/var	এটি হচ্ছে Multimedia file directory. তাছাড়া শেয়ার করা ফাইল সমূহ এই ডিরেক্টরিতে অবস্থান করে।
/usr	নির্দিষ্ট User এর info-directory.
/etc	Server Configueration file directory.
/tmp	Tamperally file directory.
/mnt	CD/DVD, USB, Hard-disk ইত্যাদি /mnt দ্বারা mount করে Access করা হয়।
/swap	এক ধরনের Partition যা দ্বারা RAM এর ধারণ ক্ষমতা দ্বি'গুণ বৃদ্ধি করা যায়।
/dev	বিভিন্ন ধরনের input/output ও storage device সমূহের ফাইল গুলো এই ডিরেক্টরিতে সংরক্ষণ করা হয়।
/boot	Linux start হওয়ার সময় প্রয়োজনীয় kernel file সমূহ ধারণ করে।
/lost+found	System এর কোন data/file ক্রাশ হলে তা পুনরুদ্ধার করার জন্য এই ডিরেক্টরি ব্যবহার করা হয়।


### ৫.৭.১ লিনাক্স বেড হ্যাট এন্টারপ্রাইজ-৫ ইনস্টলেশনের জন্য Hard-disk partition করার প্রক্রিয়া:

যেহেতু আমরা linux শিখার জন্য ইনস্টলেশন করছি, সেহেতু একে সরাসরি সেট-আপ না দিয়ে ভার্চুয়ালি সেট-আপ করবো। সবার আগে আমাদের যা লাগবে তা হল একটি Virtual software অর্থাৎ আমরা সবাই বেশিরভাগই xp ব্যবহার করি তাই Windows operating system এর সাথে linux redhat Enterprise-5 কে এক সাথে চালাতে হলে প্রথমে আমাদের কম্পিউটারটাকে Virtual machine এ পরিণত করে নিতে হবে। তাই এই সফটওয়্যার। এই সফটওয়্যারটা Download করার লিংক

নিম্নে দেয়া হল;

<http://download1.us.softpedia.com/dl/74b9235cd219ac1a1ed95c6e79d44f4b/4fc8a464/100005341/software/system/vmware/VMware-workstation-full-8.0.3-703057.exe>

ক. **VMware Workstation 6.0.2.59824** কে ইনস্টলেশন করার পর একে Open করি।



খ. New Virtual machine এ ক্লিক করি। এতে নিচের ডায়ালগ বক্সটি আসবে।



গ. উপরোক্ত ডায়ালগ বক্সটির Next বাটনে ক্লিক করি। এতে নিচের ডায়ালগ বক্সটি আসবে।



ঘ. উপরোক্ত ডায়ালগ বক্সটির Typical সিলেক্ট করে Next বাটনে ক্লিক করি। এতে নিচের ডায়ালগ বক্সটি আসবে।





ঙ. উপরোক্ত ডায়ালগ বক্সটির Guest operating System এর সাব-মেনু থেকে Linux এবং version হিসেবে Red Hat Enterprise 5 সিলেক্ট করে অত,পর Next বাটনে ক্লিক করি। এতে নিচের ডায়ালগ বক্সটি আসবে।

চ. ডান পাশের ডায়ালগ বক্সটির Virtual machine name এ default name হিসেবে Red Hat Enterprise Linux 5 থাকে। User এর ইচ্ছানুসারে একে rename করে অন্য নামও দেয়া যায়।

Location হিসেবে কোন Drive এর যে নির্দিষ্ট Folder (একটি New folder তৈরী করে নিতে হবে) এ linux installation করতে চাই তা Browse করে ঐ Folder এর location দেখিয়ে দিতে হবে।

অত,পর Next button এ Click করি।





ছ. যেহেতু আমরা হোস্ট কম্পিউটার নিয়ে নেটওয়ার্কিং করতে চাই সেহেতু বাম পাশের ডায়ালগ বক্সটি থেকে User host-only networking অপশনটি সিলেক্ট করি।

অত,পর Next button এ Click করি।

জ. ডান পাশের ডায়ালগ বক্সটি থেকে Disk Size হিসেবে নূন্যতম 12 GB নিই। এখানে আমরা 20 GB নিয়েছি।

এবং Allocate all disk space now. অপশনটি সিলেক্ট করি।


অতঃপর Finish button এ Click করি।





ঝ. Disk Creating এ প্রায় এক থেকে দেড় মিনিট সময় নিবে।


